দৈনিক বাংলা

তারিখ ... 26/2/85 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

011

# মাধ্যমিক শিক্ষক ধর্মঘটের ২২ দিন

(স্টাফ রিপোর্টার)

মাধ্যমিক শিক্ষক ধর্মঘটের ২২ দিন অতিবাহিত হলেও সামগ্রিক পরিস্থিতি একই পর্যায়ে রয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে সোমবার অনুষ্ঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি (আমানুল্লাহ-নজরুল) নেতৃবৃন্দের দ্বিতীয় দফা আলোচনায়ও কোন সিদ্ধান্ত হয়নি ফলে মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের এই ধর্মঘট অব্যাহত রয়েছে।

চাকরি জাতীয়করণের মূল দাবীতে শিক্ষক সমিতির (আমানুল্লাহ-নজরুল) আহ্বানে ৪ঠা ফেব্রুয়ারী এই ধর্মঘট শুরু হয়। এতে ঢাকা, খুলনা, সিলেট, কাড়া রংপুর, যশোর ও দিনাজপুরের অধিকাংশ মাধ্যমিক স্কুলে অচলাবস্থা দেখা দিয়েছে। অন্যান্য জেলায়ও বহু মাধ্যমিক বিদ্যালয়ে লেখাপড়া বন্ধ একই সঙ্গে এসব স্কুলের কর্মচারীরাও ধর্মঘটে অংশ নিয়েছেন।

শিক্ষা বছরের শুরুতেই এই ধর্মঘটের ফলে শিক্ষার্থীদের লেখাপড়া ক্ষতিগ্রস্ত হচ্ছে। অভিভাবকগণও উদ্বিগ্ন। বিশেষ করে আগামী ৭ই এপ্রিল থেকে অনুষ্ঠিতব্য স্কুল সার্টিফিকেট পরীক্ষার ক্ষেত্রে সম্ভাব্য অনিশ্চয়তায় তারা চিন্তিত।

এদিকে শিক্ষক সমিতির বিদায়ী সভাপতি ও ঢাকার নবকুমার ইনস্টিটিউটের প্রধান শিক্ষক জনাব আবদুল মান্নান জানান চাকরি জাতীয়করণের সুনির্দিষ্ট সিদ্ধান্ত ছাড়া শিক্ষকগণ ধর্মঘট প্রত্যাহার করতে পারেন না। তবে উদ্ভূত

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে শিক্ষক নেতৃবৃন্দের আলোচনা

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মকর্তাবৃন্দ রোববার ও সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হন।

বৈঠকে বেসরকারী স্কুল কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের সমস্যাবলী আলোচিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সামগ্রিক পরিস্থিতির ব্যাখ্যা দিয়ে জানানো হয় যে শিক্ষকদের দাবীদাওয়ার পরিপ্রেক্ষিতে গঠিত কমিটির রিপোর্ট যথাসময়ে পেশ করা হয়েছে এবং বর্তমানে উক্ত রিপোর্ট সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। খবর তথ্য বিবরণীর

## ২২ দিন

(১ম পৃঃ পর)

পরিস্থিতিতে প্রেসিডেন্ট হোসেইন মোহম্মদ এরশাদের অনুরোধেই কেবল শিক্ষকগণ তাদের ধর্মঘট থেকে বিরত হতে পারেন। কিন্তু সেক্ষেত্রেও চাকরি জাতীয়করণের দাবী পূরণের প্রতিশ্রুতি প্রয়োজন।

জনাব মান্নান জানান আসন্ন এসএসসি পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হতে পারে সেজন্য প্রয়োজন বোধে সে সময়ে ধর্মঘট স্থগিত রাখা হবে। তিনি এসএসসি পরীক্ষার্থীদের জন্যে কোচিং ক্লাস যথারীতি চালিয়ে যেতে সকল শিক্ষক শিক্ষিকার প্রতি আহ্বান জানান।

জানা গেছে ন্যূনতম কর্মসূচীর ভিত্তিতে যুগপৎ বৃহত্তর আন্দোলন গড়ে তোলার উদ্দেশ্যে কামরুজ্জামান-হেনা দাসের নেতৃত্বাধীন শিক্ষক সমিতি ও আমানুল্লাহ-নজরুল ইসলাম পরিচালিত শিক্ষক সমিতির মধ্যে আলোচনা চলছে। জনাব কামরুজ্জামান ও শ্রীমতী হেনা দাসের মূল দাবী হচ্ছে গোটা মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার জাতীয়করণ।

উল্লেখ্য গত সপ্তাহে অনুষ্ঠিত শিক্ষক সমিতির (আমানুল্লাহ) জাতীয় সম্মেলনে সমিতির দীর্ঘ দিনের সংগঠক জনাব আবদুল মান্নান সংগঠনের সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতায় পরাজিত হন।

এদিকে আগামী ২১শে ও ২২শে মার্চ চট্টগ্রামে অনুষ্ঠিতব্য বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) জাতীয় সম্মেলনে ন্যূনতম কর্মসূচীর ভিত্তিতে দুই শিক্ষক সমিতির মধ্যে যুগপৎ আন্দোলন গড়ে তোলার বিষয়টি প্রাধান্য পাবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

শিক্ষক সমিতির (আমানুল্লাহ-নজরুল) মহাসচিব জনাব নজরুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে আগামী ২৮শে ফেব্রুয়ারী বিকাল তিনটায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে আহূত সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী সফল করে তোলার জন্যে ধর্মঘটী শিক্ষক-শিক্ষিকার প্রতি আহ্বান জানানো হয়েছে। এই উদ্দেশ্যে আজ মঙ্গলবার বিকাল তিনটায় সেগুনবাগিচা উচ্চ বিদ্যালয়ে ঢাকা নগরীর বেসরকারী বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক-শিক্ষিকা, শিক্ষক সংসদের সম্পাদক ও থানা কমিটির কর্মকর্তাদের এক যুক্ত সভা অনুষ্ঠিত হবে।